# বিগত ১০ বছরের অর্জনসমূহ

**সুনামগঞ্জ সড়ক বিভাগের আওতায় বিগত ১০ বছরে প্রধান প্রধান অর্জনসমূহ :-** হাওড় কন্যা সুনামগঞ্জ জেলার নিরাপদ ও মানসম্মত যোগাযোগ ব্যবস্থার সার্বিক উন্নয়নে সড়ক বিভাগ, সুনামগঞ্জ নিরলস ভাবে কাজ করে যাচ্ছে। সুনামগঞ্জ জেলায় সড়ক ও জনপথ অধিদপ্তরের আওতায় ৩৫৬.৫৭ কিলোমিটার সড়ক, ১১৮টি সেতু ও ১৪২টি কালভার্ট রয়েছে। গত ০৩ (তিন) বছরে সড়ক বিভাগ, সুনামগঞ্জ কর্তৃক (১) সুনামগঞ্জ-কাঁচিরগাতি-বিশ্বম্ভরপুর সড়কের ১ম কিঃমিঃ-এ ৪০২.৬১ মিটার (আব্দুজ জহুর) সেতু নির্মাণ (২) ইবিবিআইপি প্রকল্পের আওতায় সিলেট-সুনামগঞ্জ সড়কে ১৪টি সেতু নির্মাণ (৩) জেলা মহাসড়ক যথাযথ মান প্রশস্থতায় উন্নীতকরণ (সিলেট জোন) প্রকল্পের আওতায় নিয়ামতপুর-তাহিরপুর সড়ক উন্নয়ন ও সুনামগঞ্জ-দোয়ারাবাজার সড়ক উন্নয়ন (৪) আঞ্চলিক মহাসড়ক যথাযথ মান প্রশস্থতায় উন্নীতকরণ (সিলেট জোন) প্রকল্পের আওতায় পাগলা-জগন্নাথপুর-রাণীগঞ্জ-আউশকান্দি মহাসড়কের ২২.০০ কিঃমিঃ সড়ক উন্নয়ন (৫) জামালগঞ্জ-সুনামগঞ্জ সড়ক উন্নয়ন (৬) পাগলা-জগন্নাথপুর-রাণীগঞ্জ-আউশকান্দি মহাসড়কের ৩০তম কিঃমিঃ-এ রাণীগঞ্জে কুশিয়ারা নদীর উপর ৭০২.০০ মিঃ সেতু নির্মাণ (৭) গোবিন্দগঞ্জ-ছাতক-দোয়ারাবাজার সড়কের ২৬তম কিঃমিঃ-এ ৪০২.৬১ মিটার (ছাতক সুরমা সতে্) সেতু নির্মাণ (৮) পাগলা-জগন্নাথপুর-রাণীগঞ্জ-আউশকান্দি সড়কের ক্ষতিগ্রস্থ বেইলী সেতু সমূহের স্থলে ০৭টি সেতু এবং নিয়ামতপুর-তাহিরপুর সড়কের আবুয়া নদীর উপর ০১টি সেতু নির্মাণ (৯) গোবিন্দগঞ্জ-ছাতক-দোয়ারাবাজার সড়কে বিদ্যমান ০৯টি সরু ও জরাজীর্ণ সেতুর স্থলে ০৯টি আরসিসি/পিসি গার্ডার সেতু নির্মাণ  করা হয়েছে। এছাড়া পিএমপি মেজর-সেতু নির্মাণ প্রকল্পের আওতায় (১) জামালগঞ্জ-সুনামগঞ্জ সড়কের ৮ম কিঃমিঃ-এ ৩৭.৯২ মিটার দীর্ঘ (বেড়াজালি) সেতু নির্মাণ (২) পাগলা-জগন্নাথপুর-রাণীগঞ্জহ-আউসকান্দি সড়কের ৮ম কিঃমিঃ-এ ৬৮.৯০৪ মিটার (বমবমি) সেতুর সুপারস্ট্রাকচার নির্মাণ (৩) জামালগঞ্জ-সুনামগঞ্জ সড়কের ১৪তম কিঃমিঃ-এ ৩১.৮২৮ মিটার দীর্ঘ (সংগ্রামপুর) সেতু নির্মাণ এবং পিএমপি মেজর-সড়ক নির্মাণ প্রকল্পের আওতায় (১) নিয়ামতপুর-তাহিরপুর সড়কের অংশ বিশেষ পুনঃনির্মাণ (২) সুনামগঞ্জ-কাঁচিরগাতি-বিশ্বম্ভরপুর সড়কের অংশ বিশেষ পুনঃনির্মাণ (৩) জামালগঞ্জ-সুনামগঞ্জ সড়কের অংশ বিশেষ পুনঃনির্মাণ (৪) দোয়ারাবাজার-সুনামগঞ্জ সড়কের অংশ বিশেষ পুনঃনির্মাণ এবং (৫) সিলেট-সুনামগঞ্জ সড়কের অংশ বিশেষ পুনঃনির্মাণ সহ ২০২২ সালের স্মরণকালের ভয়াবহ বন্যায় ক্ষতিগ্রস্থ সড়ক সমূহ মেরামত ও পুনর্বাসন কর্মসূচীর মাধ্যমে ৭০.৮৭ কিঃমিঃ সড়ক মেরামত/পুনর্বাসন কাজসহ সর্বমোট প্রায় (উন্নয়ন ও অনুন্নয়ন খাতে) ১১৩.৭৭ কিঃমিঃ সার্ফেসিং, ৯.৬০ কিঃমিঃ ফ্লেক্সিবল পেভমেণ্ট নির্মাণ, ১.৬৫ কিঃমিঃ প্রশস্থকরণ, ৬৩.৬০ কিঃমিঃ মজবুতিকরণ এবং ২২৫৯.৮২ মিটার সেতু/কালভার্ট নির্মাণ করা হয়েছে।